# হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

## শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

ISO 9001:2015 Certified

দূরালাপনী: অফিস- ০৮৩৩২-৫৬৬৪২, অভিযোগ কেন্দ্র ০ঃ ০৮৩৩২-৫৬৬৬৩, ই-মেইলঃ habigonjpbs@yahoo.com, ওয়েবসাইটঃ www.pbs.habigonj.gov.bd


স্মারক নং-২৭.১২.৩৬৪৪.৫০৫.০২.০০৮.০২৪. ০৩৮   তারিখঃ- ১৭ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ / ০১ জানুয়ারী, ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | বয়স সীমা | বেতন স্কেল | শিক্ষাগত/প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী ক্যাশিয়ার (মহিলাদের জন্য সংরক্ষিত) পদের সংখ্যা- ০২(দুই)টি কম/বেশি হতে পারে। | ৩১/১২/২০২৪খ্রিঃ তারিখে বয়স অনুর্ধ্ব ৩২ বছর। | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী ১৮,৩০০/= হতে ৪৬,২৪০/= এবং নিয়ম অনুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | ক) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় সিজিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ থাকতে হবে। (গণিতে পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে)। <br> খ) কম্পিউটার ও অফিস যন্ত্রসমূহ পরিচালনায় অভিজ্ঞ হতে হবে। <br> গ) প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০(দশ) শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০(ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। <br> ঘ) নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীকে সমিতির অনুকূলে ২০.০০০/= (বিশ হাজার) টাকা সমিতির ক্যাশ শাখায় নিরাপত্তা জামানত জমা দিতে হবে। যা সন্তোষজনক চাকুরী সমাপ্তির পর সরকারের নির্ধারিত প্রচলিত হারে সুদসহ ফেরত প্রদান করা হবে। <br> ঙ) বিনয় ও আন্তরিকতার সাথে গ্রাহক সেবা দেওয়ার মানসিকতা থাকতে হবে। | **হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা** অর্থাৎ (হবিগঞ্জ জেলার সদর, শায়েস্তাগঞ্জ, নবীগঞ্জ, আজমীরিগঞ্জ, বানিয়াচং, লাখাই, বাহুবল, মাধবপুর, চুনারুঘাট উপজেলা, সুনামগঞ্জ জেলার শাল্লা, দিরাই, জগন্নাথপুর উপজেলার আংশিক, সিলেট জেলার ওসমানীনগর উপজেলার আংশিক এবং ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলার আংশিক স্থায়ী বাসিন্দা) ব্যতিত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলীঃ-**

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (www. pbs. habiganj.gov.bd) হতে অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েব সাইট (www.reb.gov.bd) A4 সাইজের কাগজে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক সংগ্রহ করতে হবে (পুরণযোগ্য প্রবেশপত্র)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণ পূর্বক **জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যেকোন তফছিলি ব্যাংক হতে ১০০.০০ (একশত)** টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে সংযুক্ত পূর্বক আগামী **২৩/০১/২০২৫** খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে **জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ,** হবিগঞ্জ ঠিকানায় প্রয়োজনীয় কাগজপত্রসহ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণযোগ্য হবেনা। সাদা কাগজে লিখিত বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**

ক) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত কপি। (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য নয়)

গ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।

ঘ) স্থায়ী ঠিকানার সমর্থনে স্থানীয় ইউনিয়ন পরিষদ / পৌরসভার মেয়র / ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঙ) প্রথম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

চ) যেকোন তফসিলী ব্যাংক হতে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট।

ছ) মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান এর ক্ষেত্রে আবেদন পত্রের সাথে প্রমাণস্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

চলমান পাতা-২

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদন পত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবদেনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

০৪। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা , জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৫। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য **"অন-প্রবেশনে"** নিয়োগ প্রদান করা হবে। তবে শর্ত থাকে যে নিয়োগকারী কর্তৃপক্ষ বিধিবদ্ধ কারন লিপিবদ্ধ করে উক্ত মেয়াদ প্রাথমিকভাবে অনুর্ধ ০৬(ছয়) মাসের জন্য বৃদ্ধি করতে পারবে যা সর্বোচ্চ ০২(দুই) বারের অধিক হবে না।

০৬। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/ পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৭। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের কেউ অথবা তাদের স্বামী/স্ত্রী-দের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যেকোন সময়ে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৮। প্রতারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

**১২। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।**

১৩। যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

01.01.25.

(মোঃ গোলাম কাউসার তালুকদার)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০৪। পুলিশ সুপার, হবিগঞ্জ।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ....................................পবিস-১/২/৩/৪।(আবেদনপত্র অগ্রগামী করার অনুরোধসহ)
০৭। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা) বাপবিবো, ঢাকা।
০৯। ডিজিএম, নবীগঞ্জ /চুনারুঘাট /নোয়াপাড়া /বানিয়াচং /লাখাই /(সদর দপ্তর-কারিগরী), জোনাল অফিস, হবিগঞ্জ পবিস।
১০। এজিএম (ওএন্ডএম), মাধবপুর/বাহুবল/আজমিরীগঞ্জ/ইনাতগঞ্জ সাব-জোনাল অফিস, হবিগঞ্জ পবিস।
১১। এজিএম (ইএন্ডসি/অর্থ-হিসাব/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন/অর্থ-রাজস্ব), হবিগঞ্জ পবিস।
১২। এজিএম(আইটি), হবিগঞ্জ পবিস। ( ওয়েবসাইডে প্রকাশের নির্দেশনাসহ)
১৩। নোটিশ বোর্ড, হবিগঞ্জ পবিস।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

01.01.2025.

(মোঃ গোলাম কাউসার তালুকদার)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

ফরম নং ঃ পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখঃ-২৭/০৪/২০১৪ইং

ISO 9001:2015 Certified

# হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সহকারী ক্যাশিয়ার পদে প্যানেলভূক্তি/ নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- ..........................................

২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণ ঃ ..........................................

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ..........................................

৫. প্রকাশনার তারিখ ..........................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) .......................................... (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ..........................................

৭. জন্ম তারিখ(এসএসসি পরীক্ষার সনদ/জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন অনুযায়ী) ........./......./..........(দিন/মাস/বছর)

৮. মাতার নাম ..........................................

৯. বয়স (৩১/১২/২০২৪ইং তারিখে) ..........................................

১০. পিতার নাম ..........................................

১১. ধর্ম ..........................................

১২. জাতীয়তা ..........................................

১৩. নিজ জেলা ..........................................

১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর ..........................................

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন) ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র- ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র- ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

| ........................... | ........................... | ........................... | ........................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ........................... | ........................... | ........................... | ........................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেনী/গ্রেড | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগ কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন.মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে হবিগঞ্জ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে হবিগঞ্জ পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব।

.................................... 
তারিখ

............................................ 
আবেদনকারীর স্বাক্ষর

**হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**
**শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।**

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

## লিখিত (এমসিকিউ)/ লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর..............................................................

পরীক্ষার তারিখ ..............................................................

পরীক্ষার সময় ..............................................................

পরীক্ষার কেন্দ্রের নাম ..............................................................

পরীক্ষার কেন্দ্রের ঠিকানা ..............................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ....................................

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

**পদের নাম ঃ** ..............................................................

প্রার্থীর নাম ..............................................................

পিতার নাম ..............................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ..............................................

..............................................................

..............................................................

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ

# পরীক্ষার্থীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে।প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

---

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ